গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা-১ শাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮. ৭৫

তারিখ: ২ ফাল্গুন ১৪২৭ / ১৫ ফেব্রুয়ারি ২০২১

বিষয় : বর্তমান করোনা পরিস্থিতিতে কারা বন্দিদের পরিবারের সাথে দেখা-সাক্ষাৎ চালুকরণের পদ্ধতি নির্ধারণ ও বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলার ব্যাপারে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণের জন্য সুপারিশমালা

সূত্র : কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-৪১ তারিখ: ১৭.১.২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বর্তমান করোনা পরিস্থিতিতে কারা বন্দিদের পরিবারের সাথে দেখা-সাক্ষাৎ চালুকরণের পদ্ধতি নির্ধারণ ও বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলার ব্যাপারে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণের জন্য কারা অধিদপ্তর কর্তৃক প্রণীত কতিপয় সুপারিশমালা সূত্রোস্থ স্মারকমূলে এ বিভাগে প্রেরণ করা হয়। এ সংক্রান্তে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কারাগারে বন্দির সাথে দেখা সাক্ষাৎ সংক্রান্তে কারা অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশমালার বিপরীতে মন্তব্য কলামে উল্লিখিত বিষয়াদি নির্দেশক্রমে অনুমোদন করা হলো;

(খ) বন্দিদের সাথে দেখা সাক্ষাতের বিষয়টি আগামী ১.৩.২০২১ তারিখ হতে কার্যকর করা;

(গ) দেখা সাক্ষাতের বিষয়টি CCTV এর মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা।

| ক্র. নং. | কারা অধিদপ্তরের সুপারিশ | মন্তব্য |
|---|---|---|
| দেখা সাক্ষাৎ সংক্রান্ত | | |
| ১. | বন্দি, বন্দির স্বজন ও কারাগারে সার্বিক নিরাপত্তার কথা বিবেচনায় রেখে সীমিত পর্যায় সাক্ষাৎ চালু করণ। | সীমিত পরিসরে সাক্ষাৎ চালু করা। |
| ২. | সাধারণ সাজাপ্রাপ্ত ও বিচারাধীন বন্দিদের মামলা পরিচালনা ও পরিবারের সাথে যোগাযোগ রক্ষাকল্পে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১৫ দিনে ১ বার সাক্ষাতের অনুমতি প্রদান করা। | ১৫ দিনে ১ বার সাক্ষাতের অনুমতি প্রদান করা। সাক্ষাৎ কক্ষসমূহকে কারাগারের ভিতর এবং বাহির দিক থেকে Protection দিয়ে কমপক্ষে ৩ ফুট Social Distance Maintain করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যতীত দেখা সাক্ষাৎ এর সুযোগ দেয়া হলে কারাভ্যন্তরে Covid-19 সংক্রমণের সুযোগ থেকে যাবে। কোন ভাবে একজন বন্দিও যদি আক্রান্ত হয় তবে পুরো কারাগার risk এর আওতায় চলে আসবে। |
| ৩. | জেএমবি, সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী, দুর্ধর্ষ/নৃশংস অপরাধ, শীর্ষ সন্ত্রাসী, যুদ্ধাপরাধী ও মৃত্যুদন্ডপ্রাপ্ত বন্দিদের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতঃ একজন ডেপুটি জেলার ও পুলিশের বিশেষ শাখার প্রতিনিধিদের উপস্থিতিতে, সাক্ষাৎ প্রার্থীর জাতীয় পরিচয়পত্রসহ বন্দির সাথে সম্পর্ক নিশ্চিতপূর্বক ৩০ দিনে ১ বার যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাতের অনুমতি প্রদান করা। | শুধুমাত্র পরিবারের সদস্য (মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, ভাই-বোন এবং স্বামী/স্ত্রী-সন্তান)-কে দেখা সাক্ষাতের সুযোগ প্রদান করা। নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হয়ে এ ব্যবস্থা কারাগারসমূহে আরম্ভ করা। |

| | | |
|---|---|---|
| ৪. | একজন বন্দির সাথে সর্বোচ্চ ২ জন সাক্ষাৎ প্রার্থী দেখা করতে পারবে এবং স্বাস্থ্যবিধি মেনে সাক্ষাতের বিষয়টি নিশ্চিতকরণ। | সর্বোচ্চ ১ জন সাক্ষাৎপ্রার্থীকে অনুমতি প্রদান করা। |
| ৫. | স্বাস্থ্যবিধি মেনে 'No Mask, No Entry' এবং 'No Mask, No Service' বিষয়টি সাক্ষাতকালে নিশ্চিত করণ। সাক্ষাৎ প্রার্থীগণের কারাগার চত্বরে অবস্থানকালীন মাস্ক পরিধান ও সামাজিক দূরত্ব নিশ্চিত করণ। | কারাবন্দি ও সাক্ষাতপ্রার্থীদের মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে। কারাবন্দিদের জন্য মাস্ক কারা অধিদপ্তর কর্তৃক সরবরাহ করতে হবে। কথা বলার সময়ও মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। |
| ৬. | সাক্ষাতকালে দর্শনার্থীদের অনুরূপ বন্দিদের মাস্ক পরিধান বাধ্যতামূলক করণ। | দর্শনার্থী এবং বন্দিদের মাস্ক পরিধান বাধ্যতামূলক করা। |
| ৭. | সাক্ষাৎ কক্ষের ভিতর, বাহির ও আরপি গেটের সামনে সাক্ষাতের পূর্বে বন্দি এবং দর্শনার্থীদের হাত এবং পা ক্লোরিন মিশ্রিত পানি/স্যানিটাইজার দিয়ে জীবাণুমুক্ত করার ব্যবস্থা নিশ্চিত করণ। | সংশ্লিষ্ট স্থানে সাক্ষাতের পূর্বে ক্লোরিন মিশ্রিত পানি/স্যানিটাইজার দিয়ে জীবাণমুক্ত নিশ্চিত করা। |
| ৮. | কারাগারে আরপি গেটে দর্শনার্থীদের শরীরের তাপমাত্রা মাপা নিশ্চিত করা। তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি হলে বা সর্দি, কাশি ইত্যাদি লক্ষণ থাকলে কারা এলাকায় প্রবেশ করতে না দেয়া। | কারাগারের মেইন প্রবেশদ্বারে অতিরিক্ত তাপমাত্রা, সর্দি, কাশি ইত্যাদির লক্ষণ সম্বলিত কোন দর্শনার্থী পাওয়া গেলে তাকে কারা এলাকায় প্রবেশ করতে না দেয়া। প্রতিদিন সাক্ষাতপ্রার্থীদের আনুপাতিক হার বিবেচনা করে পর্যায়ক্রমে কারাগারের মেইন প্রবেশদ্বার থেকে সাক্ষাতপ্রার্থীদের প্রবেশের সুযোগ দেয়া এবং অবশিষ্টদেরকে মেইন প্রবেশদ্বারে অপেক্ষমান রাখা। |
| ৯. | প্রতিটি ব্যাচ সাক্ষাৎ শেষে সাক্ষাৎ কক্ষ সম্পূর্নরূপে জীবাণুমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা। | প্রতি সাক্ষাৎকার শেষে সাক্ষাৎকক্ষ জীবাণুমুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা। |
| ১০. | বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় সাক্ষাতের সময়সীমা সর্বোচ্চ ১৫ মিনিট নির্ধারণ করা। কোন অবস্থাতেই এ সময়সীমা বর্ধিত না করা; | সর্বোচ্চ ১০ মিনিট সময়সীমা নির্ধারণ করা। |
| ১১. | যে কোন ধরণের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হলে বা অবাঞ্ছিত কথা বলার চেষ্টা করলে তাৎক্ষণিকভাবে সাক্ষাৎ বন্ধ করে দেয়া। | অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির উদ্ভব হলে তাৎক্ষণিক সাক্ষাৎ বন্ধ করে দেয়া। |
| ১২. | সাক্ষাৎ কক্ষের ভেতর ও বাহিরে সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতায় যথাযথ মনিটরিং এর ব্যবস্থা নিশ্চিত করা। | সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতায় মনিটরিং এর ব্যবস্থা নিশ্চিত করা। |
| বিশেষ শ্রেণির বন্দিদের মোবাইল ফোনে কথা বলা সংক্রান্ত | | |
| ১. | বর্তমান পরিস্থিতিতে ১৫ দিনে একবার জেএমবি, দুর্ধর্ষ/নৃশংস অপরাধ, সন্ত্রাসবিরোধী, শীর্ষ সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী ও যুদ্ধাপরাধী বন্দিদের মোবাইল ফোনে কথা বলার সুযোগ বিবেচনা করা। | |
| ২. | জেএমবি, সন্ত্রাসী, শীর্ষ সন্ত্রাসী, রাষ্ট্রবিরোধী ও যুদ্ধাপরাধী বন্দিদের মোবাইলে কথা বলার সময় কারা কর্তৃপক্ষের পক্ষে ডেপুটি জেলার এর উপস্থিতি নিশ্চিত করা। | |
| ৩. | বিশেষ শ্রেণির বন্দিদের কথা বলার নির্ধারিত তারিখ, সময় ও যারা কথা বলবে তার বিস্তারিত তথ্যাদি (জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপিসহ) নির্ধারিত সময়ের [illegible] | |

| | | |
|---|---|---|
| ৪. | বিশেষ শ্রেণির বন্দিদের কথোপকথনের ক্ষেত্রে সপ্তাহের যে কোন একটি বা দুটি দিন ও সময় নির্ধারণ করা এবং একজন বন্দিকে সর্বোচ্চ একটি মোবাইল নম্বরে কথা বলার সুযোগ দেয়া। | দেখা সাক্ষাত করার সুযোগ পূর্বের ন্যায় আরম্ভ করা হলে টেলিফোনে কথা বলার ব্যবস্থা বন্ধ করা। |
| ৫. | বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় ফোনে কথা বলার সময়সীমা সর্বোচ্চ ৫ মিনিট নির্ধারণ করা এবং কোন অবস্থাতেই এ সময়সীমা বর্ধিত না করা। | |
| ৬. | যে কোনো ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতির উদ্ভব হলে বা অবাঞ্ছিত কথা বলার চেষ্টা করলে তাৎক্ষণিকভাবে ফোনে কথা বলা বন্ধ করা। | |
| ৭. | ফোনে কথা বলার সময় সার্বক্ষণিক সিসি ক্যামেরার আওতায় যথাযথ মনিটরিং এর ব্যবস্থা নিশ্চিত করা। | |
| ৮. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বর্ণিত স্মারকের অন্যান্য নির্দেশনা /শর্তাবলি পালনের পাশাপাশি উপর্যুক্ত সুপারিশমালা বাস্তবায়ন করা | |

২২/০২/২০২১
(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫৫০০১৭
E-mail:jail1@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা

**কারা অধিদপ্তর, ঢাকা**

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২১-২৪২ (১৮৫)

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭ / ২৫ ফেব্রুয়ারি ২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা-১ শাখার স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮-৭৫ তারিখ: ১৫/০২/২০২১ এর অনুলিপি অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৫/২/২০২১
মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন:৫৭৩০০৪৪৪ (দপ্তর)
addl.ig@prison.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার, সকল;
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ;
৩. প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা;
৪. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী;
৫. জেলা প্রশাসক, সকল;
৬. সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৭. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৮. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৯. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিপ্তর, ঢাকা; **বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
১২. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১৩. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী,কারা অধিদপ্তর, ঢাকা; **বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।**
১৪. গার্ড ফাইল।